

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৪৭৭

ধর্মনগর, ৩১ অক্টোবর, ২০২৩

**ধর্মনগরে রাষ্ট্রীয় একতা দিবস**

ভারতরত্ন সর্দার বল্লভ ভাটী প্যাটেলের জন্মজয়ন্তী উপলক্ষ্যে আজ ধর্মনগরে রাষ্ট্রীয় একতা দিবস পালন করা হয়। এ উপলক্ষ্যে ধর্মনগরের অর্ধেন্দু ভট্টাচার্য স্মৃতি ভবন প্রাঙ্গণে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। ধর্মনগর পুর পরিষদ এবং যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের কার্যালয়ের যৌথ উদ্যোগে অনুষ্ঠানটি আয়োজিত হয়েছে। অনুষ্ঠানে উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি ভবতোষ দাস, বিধায়ক যাদব লাল নাথ, ধর্মনগর পুর পরিষদের চেয়ারপার্সন প্রদ্যুম্ন দে সরকার, জেলাশাসক ও সমাহৃতা দেবপ্রিয় বর্ধন, জেলা পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী, অতিরিক্ত জেলাশাসক বিপ্লব দাস প্রমুখ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে রাষ্ট্রীয় একতার জন্য প্রতিজ্ঞাবদ্ধ হওয়ার শপথবাক্য পাঠ করান জেলাশাসক দেবপ্রিয় বর্ধন। এছাড়াও এদিন রান ফর ইউনিটি অনুষ্ঠিত হয়েছে। বিভিন্ন বিদ্যালয় এবং ধর্মনগর সরকারি মহাবিদ্যালয়ের ছাত্রছাত্রীরা এতে অংশ নিয়েছেন।

\*\*\*\*\*